

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

بَابٌ فِي ذَهَابِ الْعِلْم

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَسَدٍ أَبُو عَاصِمٍ، حَدَّثَنَا عَبْثَرٌ، عَنِ الْأَعْمَشِ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِي الدَّرْدَاءِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: مُعَلِّمُ الْخَيْرِ، وَالْمُتَعَلِّمُ فِي الْأَجْرِ سَوَاءٌ، وَلَيْسَ لِسَائِرِ النَّاسِ بَعْدُ خَيْرٌ

رجاله ثقات غير أنه منقطع كما قدمنا

বাংলা

২৫৩. আবু দারদা' রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, কল্যাণকর বিষয় শিক্ষাদানকারীর এবং শিক্ষার্থীর প্রতিদান (সাওয়াব) একই সমান; আর এ (দু'প্রকারের লোক) ব্যতীত গোটা মানবজাতির মধ্যে কোনো কল্যাণ নেই।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর রাবীগণ বিশ্বস্ত, তবে এর সনদে বিচ্ছিন্নতা রয়েছে; যেমন পূর্বে বলে এসেছি।

তাখরীজ: আব্দুল্লাহ ইবনু আহমদ, যাওয়াইদ আলায যুহদ পৃ. ১৩৬; ইবনু আবী শাইবা, ৮/৭৩০ নং ৬১৭৪; ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম নং ১৪১।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন